**<u>অতি জরুরী</u>**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
<u>পরিকল্পনা শাখা-৩</u>

নং-২৫.০০.০০০০.০৩২.১৪.০০৪.১৬ (অংশ-১)/ ২৮৪ | তারিখ: ২৮/০৯/২০২১ খ্রি:

বিষয়ঃ **উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত পরিপত্র, নীতিমালা ও নির্দেশিকা যথাযথভাবে অনুসরণ প্রসঙ্গে।**

সূত্রঃ (১) পরিকল্পনা মন্ত্রণালয়ের স্মারক নং-২০.৮০৪.০১৪.০০.০০.০১৪.২০১২ (অংশ-১)/২০৪ , তারিখ: ১০/১০/২০১২ খ্রি:।
(২) অর্থ মন্ত্রণালয়ের অর্থ -বিভাগের স্মারক নং- ০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫১৮, তারিখ: ২০/০৬/২০১৮ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন বাস্তবায়নকারী সংস্থা ও অধিদপ্তরসমূহ উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের সাথে সরাসরি সম্পৃক্ত। সরকারের উন্নয়ন প্রকল্পসমূহ গ্রহণ, প্রক্রিয়াকরণ, সংশোধন, মেয়াদ বৃদ্ধি এবং অর্থ ছাড়সহ আনুষঙ্গিক সকল কার্যক্রম সম্পাদনের ক্ষেত্রে পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি সংক্রান্ত পরিপত্র-অক্টোবর ২০১৬ (সূত্রস্থ স্মারক-১) এবং অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত অর্থ অবমুক্তির নির্দেশিকা সংক্রান্ত পরিপত্র-জুন ২০১৮-তে (সূত্রস্থ স্মারক-২) অনুসৃত নীতিমালা/বিধিমালা অনুসরণ করা আবশ্যক।

০২। কিন্তু ইদানিং লক্ষ্যে করা যাচ্ছে যে, অধীনস্থ দপ্তর/সংস্থা কর্তৃক পরিকল্পনা মন্ত্রণালয় এবং অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত পরিপত্র ও তদসংশ্লিষ্ট নীতিমালা যথাযথভাবে পরিপালন/অনুসরণ করা হচ্ছে না যা পরিকল্পনা ও আর্থিক শৃঙ্খলা পরিপন্থি এবং শাস্তিযোগ্য অপরাধ।

০৩। এমতাবস্থায়, উন্নয়ন প্রকল্প প্রক্রিয়াকরণ এবং অর্থ-ছাড় সংক্রান্ত পরিপত্র-তে অনুসৃত সকল নীতিমালা যথাযথভাবে অনুসরণ না করে তদসংশ্লিষ্ট কোন প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হলে সেটি সংশ্লিষ্ট কর্মকর্তার অদক্ষতা ও অসর্তকতা, যা সরকারি কর্মচারী শৃঙ্খলা ও আপীল বিধিমালা-২০১৮ অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।

সংযুক্তি: ০৩ ফর্দ।

২৮/৯/2021

(মো: বরকাতুর রহমান)
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯৫৬৮২৮৭
Email:pialecon@ gmail.com

<u>বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):</u>

০১. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
০২. চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজউক ভবন, ঢাকা।
০৩. চেয়ারম্যান, কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ, বিএমএ ভবন, কলাতলী রোড, কক্সবাজার।
০৪. চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা, ঢাকা।
০৫. মহাপরিচালক, হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট, দারুস সালাম রোড, মিরপুর, ঢাকা।

পৃ:/২

০৬. পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
০৭. চেয়ারম্যান, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, আরডিএ ভবন, রাজশাহী।
০৮. চেয়ারম্যান, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, কেডিএ ভবন, খুলনা।
০৯. চেয়ারম্যান, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, সিডিএ ভবন, চট্টগ্রাম।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ**

০১. প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. সচিব মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. অতিরিক্ত সচিব (উন্নয়ন-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. যুগ্ম-সচিব (উন্নয়ন ব্রাঞ্চ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫. উপ-সচিব (পরিকল্পনা উইং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬. অফিস কপি/সংশ্লিষ্ট নথি।

২৬.৭.২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ
শেরে বাংলা নগর, ঢাকা
www.plandiv.gov.bd

স্মারক: ২০.৮০৪.০১৪.০০.০০.০১৪.২০১২ (অংশ-১)/২০৪ তারিখ: ১০.১০.২০১৬ খ্রিস্টাব্দ।

# পরিপত্র

**বিষয়: সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি।**

সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধনের ক্ষেত্রে ২৯ মে ২০০৮ তারিখে জারিকৃত পরিপত্র (নং-পবি/এনইসি/সমন্বয়-২/পরিপত্র/২৯/২০০৭/৪৮) এবং এর ধারাবাহিকতায় পরবর্তীতে জারিকৃত সংশোধনসমূহ বাতিলপূর্বক নিম্নবর্ণিত পদ্ধতি অনুসৃত হবে মর্মে সরকার কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

১. **বিনিয়োগ প্রকল্প:**

১.১ বাস্তবায়নকারী সংস্থা বিনিয়োগ প্রকল্প নির্ধারিত ছকে Development Project Proforma/Proposal (DPP) প্রণয়ন করবে। বিনিয়োগ প্রকল্পের অর্থায়নে বৈদেশিক সহায়তার সংশ্লেষ থাকলে **সংযোজনী-ক** অনুযায়ী ইংরেজিতে এবং সম্পূর্ণ বাংলাদেশ সরকারের অর্থায়নে বাস্তবায়িতব্য প্রকল্প **সংযোজনী-খ** অনুযায়ী বাংলায় ডিপিপি প্রণয়ন করতে হবে। বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক প্রকল্প সনাক্তকরণ ও প্রণয়নের সময় এবং উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রকল্প যাচাই এর সময় নিম্নবর্ণিত বিষয়সমূহ বিশেষভাবে বিবেচনায় নিতে হবে:

১.১.১ **স্বল্প, মধ্যম ও দীর্ঘমেয়াদি উন্নয়ন পরিকল্পনা, নীতি ও কৌশলের সাথে সংগতি:** (ক) পঞ্চবার্ষিক পরিকল্পনা এবং প্রেক্ষিত পরিকল্পনার উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রা বিবেচনা; (খ) জাতীয় টেকসই উন্নয়ন কৌশল, জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রাসহ (Sustainable Development Goals-SDGs) বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা কর্তৃক গৃহীত উন্নয়ন লক্ষ্যমাত্রা ইত্যাদি বিবেচনা; (গ) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের নীতি বাস্তবায়নের জন্য অগ্রাধিকারভিত্তিতে উপযুক্ত প্রকল্প নির্বাচন; (ঘ) দেশের সার্বিক অর্থনৈতিক অবস্থা বিবেচনায় প্রকল্প গ্রহণের যৌক্তিকতা; এবং (ঙ) প্রকল্পের উদ্দেশ্য সুনির্দিষ্ট (Specific), পরিমাপযোগ্য (Measurable), অর্জনযোগ্য (Achievable), প্রাসঙ্গিক (Relevant) ও সময়াবদ্ধ (Time-bound) হওয়া।

বরকাতুর রহমান
সহকারী প্রধান

উপজেলা, জেলা, বিভাগ এবং ঢাকায় কেন্দ্রীয় পর্যায়ে সরকারি অফিসসমূহ এক জায়গায় আনয়নের লক্ষ্যে আন্ডারগ্রাউন্ড পার্কিং, ওয়েটিং স্পেস, কনফারেন্স সেন্টার, একাধিক সভা কক্ষ, ক্যাফেটেরিয়া, প্রার্থনাকক্ষ, প্রতি ফ্লোরে মহিলা ও পুরুষদের জন্য পৃথক সুপরিসর ওয়াশরুম/ টয়লেট, ডে-কেয়ার সেন্টার, মাদার্স কর্নার ইত্যাদি সুবিধাসহ বহুতল ভবনের একটি মডেল নকশা প্রণয়ন করতে হবে যার বাহ্যিক ভিউ (Exterior Design) একই রকম হবে।

নতুন ভবনের নকশায় অডিটরিয়াম/বড় হলরুম থাকলে তা গ্রাউন্ড ফ্লোর/ফার্স্ট ফ্লোর বা পার্শ্ববর্তী খালি জায়গায় করতে হবে। কখনই ভবনের উপরের অংশে করা যাবে না।

উন্নয়ন প্রকল্পে অন্তর্ভুক্ত কোন ক্রয়ের কার্যক্রম সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে (সিসিজিপি) উপস্থাপনের পূর্বে প্রকল্পসমূহ আবশ্যিকভাবে একনেক কর্তৃক অনুমোদিত হতে হবে।

প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে যে কোন প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৫০.০০ (পঞ্চাশ) কোটি টাকা বা তদুর্ধ্ব হলে পূর্ণকালীন অভিজ্ঞ ও যোগ্য প্রকল্প পরিচালক নিয়োগের বিষয়টি অবশ্যই পরিপালন করতে হবে। প্রকল্প পরিচালক নিয়োগের ক্ষেত্রে ০৯.০২.২০১৬ তারিখে পরিকল্পনা বিভাগ হতে জারীকৃত পত্রের নিয়মাবলি অনুসরণ করতে হবে **(সংযোজনী-ঢ়)**।

একটি প্রকল্পে একজন প্রকল্প পরিচালক থাকবেন। একজন কর্মকর্তাকে একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসেবে নিয়োগ করা যাবেনা। এছাড়া জনস্বার্থে একান্ত অপরিহার্য না হলে ০৩ (তিন) বছরের পূর্বে প্রকল্প পরিচালক বদলি করা যাবে না।

সকল মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক দাপ্তরিক/বাণিজ্যিক/আবাসিক ভবন নির্মাণ সংক্রান্ত প্রকল্পের নকশা প্রণয়নকালে বাধ্যতামূলকভাবে জলাধার/পুকুর/লেকের সংস্থান রাখতে হবে। এছাড়া প্রতিটি ভবনের ছাদের বৃষ্টির পানি আলাদা ড্রেন করে জলাধারে/পুকুর/লেকে সংরক্ষণ ও ব্যবহারের ব্যবস্থা রাখতে হবে। বৃষ্টির পানির ড্রেনের সাথে স্যুয়ারেজ লাইনের যেন কোন সংযোগ না থাকে সে বিষয়টি গুরুত্বের সাথে লক্ষ্য রাখতে হবে। এছাড়া, ভবনসমূহে সোলার প্যানেল স্থাপনের সংস্থান রাখতে হবে।

অনলাইনে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন সংক্রান্ত বিষয়ে ইতোমধ্যে পরিকল্পনা বিভাগ হতে জারিকৃত পরিপত্র অনুসরণ করতে হবে **(সংযোজনী-হ)**।

মোঃ বরকাতুর রহমান
সিনিয়র সহকারী প্রধান

(তারিক-উল-ইসলাম)
সচিব
পরিকল্পনা বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অধিশাখা-১১

নং-০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫১৮ তারিখঃ ২০/০৬/২০১৮

পরিপত্র

বিষয়: উন্নয়ন প্রকল্পসমূহের অর্থ অবমুক্তি ও ব্যবহার নির্দেশিকা-২০১৮।

উন্নয়ন প্রকল্পের অর্থ ব্যয়ের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ, প্রকল্প পরিচালকদের অধিকতর ক্ষমতা অর্পণ, প্রকল্প বাস্তবায়নে গতিশীলতা আনয়ন, অর্থবছরের প্রারম্ভেই প্রকল্পের কার্যক্রম শুরু করা এবং অর্থবছরের শেষ পর্যায়ে তড়িঘড়ি করে অর্থ ব্যয়ে নিরুৎসাহিতকরণের মাধ্যমে Value for money নিশ্চিতকরণের লক্ষ্যে সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/অন্যান্য প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়নাধীন অনুমোদিত উন্নয়ন প্রকল্পের প্রকল্প পরিচালকগণ বাজেট বরাদ্দের আলোকে প্রকল্পের জিওবি অংশ (সিডি ভ্যাট ও ভূমি অধিগ্রহণ ব্যতীত) আর্থিক বিধি বিধান পালন সাপেক্ষে ১ম এবং ২য় কিস্তির অর্থ কিস্তিভিত্তিক ব্যবহার করতে পারবে। এক্ষেত্রে প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ থেকে অর্থছাড়ের এবং বিভাজন আদেশ জারীর কোন প্রয়োজন হবে না। ১ম ও ২য় কিস্তির অর্থ স্বয়ংক্রিয়ভাবে ছাড় হয়েছে বলে গণ্য হবে। ৩য় ও ৪র্থ কিস্তির অর্থ প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ কিস্তিভিত্তিক ছাড় করবে। তবে ৪র্থ কিস্তির অর্থ ছাড়ের ক্ষেত্রে অর্থ বিভাগের সম্মতি গ্রহণ করতে হবে।

০২। স্বায়ত্তশাসিত সংস্থা কর্তৃক জিওবি অর্থায়নে বাস্তবায়নাধীন প্রকল্পের ক্ষেত্রে জিওবি অর্থ ছাড়ের বিদ্যমান পদ্ধতি, উন্নয়ন সহযোগী সংস্থার ঋণ/অনুদানে বাস্তবায়নাধীন প্রকল্পের প্রকল্প সাহায্যের (পিএ) অংশের অর্থ ব্যয়ের ক্ষেত্রে বাজেট অথরাইজেশন এবং সরকারের মাধ্যমে আরপিএ অর্থ ছাড়ের বিদ্যমান পদ্ধতি অপরিবর্তিত থাকবে।

০৩। এতদ্‌সংক্রান্ত অর্থ বিভাগের ১৩/১১/২০১২ তারিখের ৫৪০ নং স্মারকে জারিকৃত উন্নয়ন প্রকল্পসমূহের অর্থ অবমুক্তি ও ব্যবহার নির্দেশিকা এতদ্বারা বাতিল করা হলো এবং সংশোধিত পদ্ধতি সংযুক্ত ছকে বর্ণনা করা হলো।

০৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ ১ জুলাই ২০১৮ হতে কার্যকর হবে এবং পুনরাদেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

স্বা/-
(রূবীনা আমীন)
অতিরিক্ত সচিব

নং-০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫১৮ তারিখঃ ২০/০৬/২০১৮

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২। গভর্ণর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৩। বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, কাকরাইল, ঢাকা।
৪। সিনিয়র সচিব/সচিব,....................................................................... (সকল), ঢাকা।
৫। সদস্য (সকল), পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৬। হিসাব মহানিয়ন্ত্রক, বাংলাদেশ/কন্ট্রোলার জেনারেল, ডিফেন্স ফাইন্যান্স/অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে।
৭। মহা-পরিচালক/প্রধান প্রকৌশলী/পরিচালক, অধিদপ্তর/পরিদপ্তর (সকল)।
৮। চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক, স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত (সকল) সংস্থা।
৯। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন/পৌরসভা (সকল)।
১০। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
১১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ............................................................... (সকল) মন্ত্রণালয়/বিভাগ।
১২। বিভাগীয় হিসাব মহানিয়ন্ত্রক, সকল বিভাগ।

স্বা/-
(মোঃ হেলাল উদ্দীন)
উপসচিব
ফোন: ৯৫৫৭২০৩

মোঃ বরকাতুর রহমান
সিনিয়র সহকারী প্রধান